

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), প্রধান প্রকৌশলীর দপ্তর

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.০০০.৬২৬.০৭.০০০৭.২৫ নথির বিষয়ঃ Procurement of various spare item for SCADA installation in IRP1 main sub-station of SKWP.

নোটঃ ১ নোটের বিষয়ঃ Procurement of various spare item for SCADA installation in IRP1 main sub-station of SKWP কাজের অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৮/৩/২৫ ১১:১৮ পূর্বাহ্ন

সংযুক্তি সমূহ দয়া করে দেখা যেতে পারে। সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৬ টি গভীর নলকূপ (তন্মধ্যে ১ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। অত্র প্ল্যান্টের আওতাধীন প্রায় ২০ বর্গ কিলোমিটার এলাকায় বিদ্যমান ৪৬ পাম্প কম্পাউন্ডসহ ২টি আয়রন রিমুভাল প্ল্যান্ট আছে ও একটি ক্রোরিন-ডোজিং সিস্টেম আছে। ক্রোরিন-ডোজিং সিস্টেম ও পানির পাম্প-মোটরসমূহ ইলেকট্র-অটোমেশন তথা পিএলসি এবং স্ক্যাডার পিএলসি এবং স্ক্যাডার মাধ্যমে পরিচালনা করা হয়ে থাকে। পিএলসি এবং স্ক্যাডার রক্ষণাবেক্ষণ কাজের জন্য কমিউনিকেশন মডিউল, পিওই সুইচ, রেগুলেটেড পাওয়ার সাপ্লাই ইউনিট ও এন্টেনা ক্যাবল প্রয়োজন। উল্লেখিত খুচরা যন্ত্রাংশ অত্র বিভাগের উপ-ভান্ডারে না থাকায় ফলে পিএলসি ও স্ক্যাডা সিস্টেমের মাধ্যমে পাম্প-মোটর, ক্রোরিন-ডোজিং সিস্টেমসহ অন্যান্য যন্ত্রপাতি পরিচালনায় খুবই সমস্যা হচ্ছে। উল্লেখ্য যে, অত্র প্ল্যান্টের মাধ্যমে উৎপাদিত প্রায় ১৫ কোটি লিটার পানি বৃহত্তর মিরপুর এলাকায় পানি সরবরাহ করা হয়। পানির উৎপাদন ও গুনগত মান স্বাভাবিক রাখার স্বার্থে প্রাক্কলনে উল্লেখিত পিএলসি এবং স্ক্যাডা সিস্টেম এর প্রয়োজনীয় খুচরা মালামাল ও পিওই সুইচ সংগ্রহ করা জরুরী প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৮/৩/২৫ ১১:২৩ পূর্বাহ্ন

সেপ্রেমেন্টে IRP#1 এর পিএলসি ও স্ক্যাডা সিস্টেমের কমিউনিকেশন মডিউল, পিওই সুইচ, রেগুলেটেড পাওয়ার সাপ্লাই ইউনিটসহ আনুষঙ্গিক খুচরা যন্ত্রাংশ সংগ্রহ করার লক্ষ্যে টেকনিক্যাল স্পেসিফিকেশন অনুযায়ী (সংযুক্তিঃ ০৩) বাজার দর (সংযুক্তিঃ ০৪) ও পূর্বানুমোদিত দরের (সংযুক্তিঃ ০৫) ভিত্তিতে সর্বমোট টাঃ ১৯,৯৯,৮০০.০০ (উনিশ লক্ষ নিরানব্বই হাজার আটশত) এর একটি প্রাক্কলন (সংযুক্তিঃ ০৬) প্রস্তুত করা হয়েছে। আলোচ্য সরবরাহ কাজটি সাকেওপা এর ২০২৪-২৫ ইং অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের মূলধনী ব্যয়ের ক্রমিক নং-০৭ এ “স্ক্যাডা ইন্টেলেশন ব্যয়” খাত হতে নির্বাহ করা হবে (সংযুক্তিঃ ০১)। যা ২০২৪-২৫ ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-২৬ এ প্যাকেজ G8 হিসাবে অন্তর্ভুক্ত আছে (সংযুক্তিঃ ০২)।

সংযুক্তিসমূহ (৬):

- ১। Budget FY 2024-2025.pdf
- ২। APP 2024-25(2).pdf
- ৩। Technical Specification.pdf
- ৪। Market Rate.pdf
- ৫। Approved Rate.pdf
- ৬। Estimate.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৮/৩/২৫ ১১:২৫ পূর্বাহ্ন




এমতাবস্থায়, অনুচ্ছেদঃ ১.০ হতে ১.১ পর্যন্ত বিস্তারিত বর্ণনার আলোকে Procurement of various spare item for SCADA installation in IRP1 main sub-station of SKWP শীর্ষক কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) সরবরাহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ ধারায় উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) এ e-GP প্রক্রিয়ায় দরপত্র আহবানের অনুমোদন;

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলিত সর্বমোট ১৯,৯৯,৮০০.০০ (উনিশ লক্ষ নিরানব্বই হাজার আটশত) টাকা মাত্র এর প্রাক্কলনের আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদন এবং

গ) আলোচ্য কাজটির ব্যয়ভার সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্টের ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের মূলধনী ব্যয়ের ক্রমিক নং-০৭ এর “স্ক্যাডা ইন্টেলেশন” ব্যয় খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
১৮/৩/২৫ ১২:০৭ অপরাহ্ন মোঃ আবুল কালাম আজাদ উপ-সহকারী প্রকৌশলী সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	১৮/৩/২৫ ১:০৫ অপরাহ্ন সুদীপ্ত কুমার ঘোষ সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	১৯/৩/২৫ ১১:৩৩ পূর্বাহ্ন মোঃ নাসিফ ইমতিয়াজ নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	১৯/৩/২৫ ১১:৩৩ পূর্বাহ্ন মির্জা মোহাম্মদ কিবরিয়া ভূত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনায়ার সার্কেল

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৫/৩/২৫ ৭:১৮ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.2

২৫/৩/২৫ ৭:১৯ অপরাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

২৫/৩/২৫ ৭:১৯ অপরাহ্ন
মোঃ আব্দুস সালাম ব্যাপারী (ব্যাপারী)
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলীর দপ্তর

স্বাক্ষর (মর্জা কিবরিয়া)
২৫/৩/২৫ ৭:১৯
২৫/৩/২৫